

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.১৮.০১৩.১৩(অংশ-১)- ২১৬৫

তারিখ: ৩১/১২/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয় কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তর এর মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনের প্রতিবেদনে উল্লেখিত নির্দেশনা বাস্তবায়ন প্রসংগে।

সূত্রঃ ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭-১০৪ তারিখঃ ১০ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ


সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয় সম্প্রতি পঞ্চগড়, ঠাকুরগাঁও ও দিনাজপুর জেলায় যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদন উল্লেখিত সচিব মহোদয় কর্তৃক প্রদত্ত নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- (ক) সিটিজেন চার্টার আপডেট করে প্রশিক্ষণ কেন্দ্রের যথাযথ স্থানে সকলের সহজে নজরে আসে এমন স্থানে স্থাপন করতে হবে;
- (খ) প্রশিক্ষণ কেন্দ্রের নীচতলায় প্রশিক্ষণ সংক্রান্ত সকল তথ্যাদি (কোর্সের নাম, মেয়াদ, সময়সূচি, কোর্সফিসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি দৃশ্যমান অবস্থায় থাকতে হবে;
- (গ) জেলার সফল আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের ছবি (বড় সাইজ) নীচ তলায় দৃশ্যমানভাবে থাকতে হবে;
- (ঘ) সচেতনতামূলক পোস্টার /ছবি/নির্দেশনা/নীচতলাসহ বিভিন্ন ফ্লোরে ফ্লোরে টানাতে হবে;
- (ঙ) প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ শেষে দ্রুত আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের লক্ষ্যে কাউন্সেলিং দিতে হবে এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে;
- (চ) ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রদত্ত ঋণের তথ্যাদি ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে (রাষ্ট্রীয়ত্ব ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংক) ঋণ প্রাপ্তির তথ্যাদি প্রশিক্ষণ কেন্দ্রের নীচ তলায় দৃশ্যমান অবস্থায় থাকতে হবে (সংশ্লিষ্ট মোবাইল নম্বরসহ);
- (ছ) সমাপ্ত উন্নয়ন প্রকল্পসহ সকল প্রশিক্ষণের জন্য ব্যবহারিক প্রশিক্ষণ উপকরণ সরবরাহের জন্য তালিকাসহ উপকরণের প্রস্তাব যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;
- (জ) যে সকল জেলায় কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য আসবাবপত্রের সংস্থান রাখা হয়েছে, সে সকল জেলায় আসবাবপত্র সরবরাহসহ ল্যাব স্থাপন ত্বরান্বিত করতে হবে ;
- (ঝ) কম্পিউটার ল্যাব-এ বৈদ্যুতিক দুর্ঘটনা যেন না ঘটে সে জন্য যথাযথ ব্যবস্থা নিতে হবে। বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটলে সংশ্লিষ্ট উপপরিচালকসহ অন্যান্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে;
- (ঞ) তৃতীয় প্রশিক্ষণের চেয়ে ব্যবহারিক প্রশিক্ষণের উপর অধিকতর জোর দিতে হবে। ট্রেড ভিত্তিক ব্যবহারিক প্রশিক্ষণের কি সমস্যা আছে, তা চিহ্নিত করে সে মোতাবেক সময়মত বাজেট প্রস্তাবনা করতে হবে;
- (ট) কম্পিউটার ট্রেডে ইন্টারনেটের সংযোগসহ প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

- (ঠ) কর্মসংস্থান ব্যাংকসহ অন্যান্য ব্যাংক থেকে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদেরকে ঋণ সহায়তা প্রদানের জন্য পত্র দেয়াসহ উপপরিচালকগণ এ ব্যাপারে ভূমিকা রাখবেন;
- (ড) যুব উন্নয়ন অধিদপ্তরের তালিকাভুক্ত যুব সংগঠনদেরকে দ্রুত রেজিস্ট্রেশন প্রদান করতে হবে;
- (ঢ) দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ প্রাপ্তদেরকে অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্রে শিক্ষানবীশ (Interne) হিসেবে কাজ করার সুযোগ প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;
- (ণ) কৃত্রিম প্রজনন বিষয়ে তত্ত্বীয় ক্লাশের পাশাপাশি ব্যবহারিক ক্লাশ করার উপকরণ সরবরাহ করতে হবে;
- (ত) যে সকল যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা নেই, সেসকল যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের পার্শ্ববর্তী যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (থ) দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবহারিক প্রশিক্ষণ ইউনিট -এ রাখা বিভিন্ন অব্যবহৃত / ব্যবহারের অযোগ্য আসবাবপত্র যথাযথ স্থানে রেখে কেন্দ্রের প্রশিক্ষণ পরিবেশ নিশ্চিত করতে হবে;
- (দ) শারীরিকভাবে প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সুবিধার জন্য নীচতলায় প্রশিক্ষণ প্রদানের জন্য উদ্যোগ নিতে হবে। এজন্য প্রয়োজনে Ramp স্থাপন করতে হবে;
- (ধ) গ্রামীণ মহিলাদের ধৌয়াবিহীন ও আরামদায়ক স্বাস্থ্যসম্মত রান্নার কাজে এবং বিদ্যুৎ উৎপাদনে পরিবেশবান্ধব বায়োগ্যাস প্লান্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ প্রকল্পের কার্যক্রমের ব্যাপক প্রচার প্রচারণা বাড়াতে মাঠে এবং জনগণকে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উদ্বুদ্ধ করতে হবে;

- ০২। সচিব মহোদয়ের উপরোক্ত নির্দেশনা যুব উন্নয়ন অধিদপ্তরাধীন সকল জেলা কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র ও উপজেলা কার্যালয়ের জন্য প্রযোজ্য।
- ০৩। এমতাবস্থায়, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয় কর্তৃক প্রদত্ত উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
(মোঃ আনোয়ার হোসেন)  
মহাপরিচালক  
ফোনঃ ৯৫৫৯৩৮৯

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, .....(সকল) জেলা।
- ২। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, .....(সকল) জেলা।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, .....(সকল) উপজেলা, .....জেলা।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। পরিচালক.....(সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।